# প্রাইমারি শিক্ষক নিয়োগ পরীক্ষা – ২০২৩ ( ভাষা ও ব্যাকরণ – ১ মার্ক )

## ভাষা, ব্যকরণ ও আলোচ্য বিষয়

১। ধ্বনিতত্ত্বের ( Phonology) আলোচ্য বিষয়- ধ্বনি ও বর্ণ, ণ - ত্ব ও ষ - ত্ব বিধান, ধ্বনির পরিবর্তন ।

২। শব্দতত্ত্বের ( রূপতত্ত্ব - Morphology ) আলোচ্য বিষয় - শব্দ, প্রত্যয়, উপসর্গ - অনুসর্গ, লিঙ্গ, সমাস ও বচন।

৩। বাক্যতত্ত্বের ( পদক্রম - Syntax) আলোচ্য বিষয় - কারক,বিভক্তি,বাক্য, বাক্য সংকোচন, বিরাম চিহ্ন, পদবিন্যাস।

৪। অর্থতত্ত্ব ( Semantics ) এর আলোচ্য বিষয় - বাগধার, সমার্থক শব্দ, বিপরীত শব্দ ও শব্দের অর্থ বিচার।

৫। ভাষার মূল উপাদান বা ক্ষুদ্রতম একক - ধ্বনি।

৬। শব্দের একক বা ক্ষুদ্রতম অংশ - ধ্বনি।

৬। বাক্যের মৌলিক একক বা ক্ষুদতম একক - শব্দ।

৭। ভাষার মুল উপকরণ - বাক্য।

৮। বর্তমানে ভাষার সংখ্যা - ৩৫০০ এর বেশি।

৯। ভাষার রূপ - দুটি।

১০। ভাষাকে কিসের সাথে তুলনা করা হয় – প্রবাহমান নদী।

১১। ভাষার মৌলিক অংশ - ৪ টি।

১২। বাংলা ভাষা কোন ভাষার অন্তর্গত - ইন্দো - ইউরোপীয়।

১৩। কোন ভাষা থেকে বাংলা ভাষার সৃষ্টি হয়েছে - বঙ্গ কামরূপী।

১৪।বাংলা ভাষার মূল উৎস হচ্ছে - প্রাকৃত ভাষা।

১৫। মাতৃভাষা বিবেচনায় বাংলা ভাষার অবস্থান - ৫ম ( বোর্ড বইয়ে ৬ষ্ঠ )

১৬। বাংলা আদি অধিবাসীগণ কোন ভাষাভাষী ছিল ? - অস্ট্রিক।

১৭। ব্যবহারকারীর সংখ্যা বিবেচনায় বাংলা ভাষার অবস্থান - সপ্তম।

১৮। বাংলা ভাষা ও সাহিত্যের প্রাচীন নিদর্শন - চর্যাপদ।

১৯। আঞ্চলিক ভাষার অপর নাম - উপভাষা ।

২০। বাংলা লিপির উৎস - ব্রাহ্মী লিপি।

২১। বাংলা ভাষার বয়স ১০০০ বছর ও প্রায় ৩০ কোটি লোকের ভাষা বাংলা।

২২। মুহম্মদ শহীদুল্লাহর মতে, ৬৫০ খ্রি বা সপ্তম শতাব্দীতে গৌড়ীয় প্রাকৃত বা এর পরিবর্তিত রূপ গৌড়ীয় অপভ্রংশ থেকে বাংলা ভাষার সৃষ্টি হয়েছে।

২৩। বাংলা ব্যাকরণ প্রথম রচনা করেন- এন. বি. হ্যালহেড

২৪। প্রথম কোন বাঙালি বাংলা ভাষার ব্যাকরণ রচনা করেন ? - রাজা রামমোহন রায়।

২৫। গৌড়ীয় বাংলা ব্যাকরণ " রচনা করেছেন - রাজা রামমোহন রায়।

২৬। "ভাষা প্রকাশ বাঙ্গালা ব্যাকরণ" রচনা করেন - সুনীতিকুমার চট্টোপাধ্যায়।

Iqb@l's Target Govt. Job Online Exam & Suggestion

২৭। " ব্যাকরণ মঞ্জরী ও মনীষা মঞ্জুষা " রচনা করেন - ড.মুহম্মদনএনামুল হক।

২৮। বাংলা লিপির গঠন কার্য শুরু হয় - সেন আমলে।

২৯। "বাংলা ভাষার ইতিবৃত্ত" কার রচনা - মুহম্মদ শহীদুল্লাহ্ ।

৩০। চলিত রীতির প্রবর্তক - প্রমথ চৌধুরী।

৩১। সাধু রীতি নাম করণ করেন - রাজা রামমোহন রায়।

৩২। বাংলা ভাষার প্রথম ব্যাকরণ রচনা করেন - ম্যানুয়েল দ্যা আসসুম্পসাউ ।

সাধু ভাষার বৈশিষ্ট্যঃ

ক) সাধু ভাষায় ক্রিয়াপদের পূর্ণাঙ্গ রূপ। যেমন : করিয়াছি।

খ) সাধু ভাষায় সর্বনাম পদের পূর্ণাঙ্গ রূপ। যেমন: তাহারা।

গ) সাধু ভাষায় অনুসর্গের পূর্ণরূপ হিসেবে ব্যবহৃত হয়। যেমন: হইতে, দিয়া প্রভৃতি।

ঘ) সাধু ভাষায় তৎসম শব্দের (সংস্কৃত শব্দ) প্রয়োগ বেশি। যেমন: হস্ত, মস্তক, ঘৃত, ধৌত।

ঙ) সাধু ভাষা বক্তৃতা ও নাট্য সংলাপের অনুপযোগী ও গুরুগম্ভীর।

চলিত ভাষার বৈশিষ্ট্যঃ-

ক) চলিত ভাষায় ক্রিয়াপদের রূপ সংক্ষিপ্ত, যেমন : করেছি ।

খ) চলিত ভাষায় সর্বনাম পদের রূপ সংক্ষিপ্ত, যেমন তারা ।

গ) চলিত ভাষায় অর্ধ-তৎসম, তদ্ভব, দেশি ও বিদেশি প্রভৃতি শব্দের ব্যবহার বেশি। যেমন : ঘি, হাত, ধোয়া, মাথা ।

ঘ) সাধু ভাষা বক্তৃতা ও নাট্য সংলাপের উপযোগী।

৩৩। সাধু ও চলিত ভাষার অভিন্ন রূপ - অব্যয়।

৩৪। " বঙ্গভাষা ও সাহিত্য " রচনা করেন - ড. দীনেশচন্দ্র সেন ।

৩৫। পক্ষী,বন্য, জুতা, নিমিত্ত, হস্ত, অগ্নি, যদ্যপি, তথাপি ও অদ্য এর চলিত রুপ যযথাক্রমে - পাখি, বুনো, জুতো, জন্য, হাত, আগুন, যদিও, তবুও ও আজ।

৩৬। ব্যাকরণ ' শব্দের সঠিক অর্থ - বিশেষভাবে বিশ্লেষণ।

৩৭। ব্যাকরণ - বি + আ + কৃ + অন

Iqb@l's
Target Govt. Job
Online Exam &
Suggestion